

কাল সে এসেছিল
বহু বছর পর।

অনাদি অনন্তকাল অপেক্ষা করার মত
সময় ছিলনা আমার হাতে।

কাল সে এসেছিল
বৃক্ষের পাতা ঝরিয়ে
ফাগুনকে সরিয়ে।

যে ভালবাসে সে ভালবাসে সাদা রোদ্দুরকে।

যখন সাদা পরীরা নেমে আসে
আকাশ থেকে
আরও স্নিগ্ধ হয় মায়াবী রাত
দুধ সাদা ধবল জ্যোৎস্নায় সাঁতার কাটে
অনন্ত নক্ষত্র বিথী।

সে আসে স্বপ্নের ফানুস উড়িয়ে
হৃদয়ের গহীনে বাতাস বইয়ে

সে যখন এসেছিল
সব কিছু ছিল আগের মত
নদীতে ঢেউ ছিল, দখিনা বাতাস ছিল

কাল সে এসেছিল
বহু বছর পর।

সে যখন আসে
সময় স্তব্ধ হয়, মৌন হয়ে দেখে তার মুখ ছবি

সাদা রোদ্দুর ঝলমল করে ,
ঠিক আগের মত।

জামিল হাসান (সুজন), ক্যাম্পসি, সিডনী, ২৬/০৯/২০১১

জামিল হাসানের আগের লেখাগুলো পড়তে এখানে [টোকা মারুন](#)